

## ২ হাজার ৯২৭ স্কুলে এবার শতভাগ পাস

যাযাদি রিপোর্ট

এসএসসি ও সমমান পরীক্ষায় সার্বাঙ্গশে শতভাগ পাস করা স্কুলের হার গত বছরের তুলনায় বেড়েছে। এ বছর ১০ বোর্ডে ২ হাজার ৯২৭টি স্কুলের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। এর মধ্যে সবচেয়ে ঢাকা বোর্ডের ১৫০টি স্কুলের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। গত বছর এ বোর্ডে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা ছিল ১০৭টি। দুর্গেশ্বরী বোর্ডে শতভাগ পাস করেছে এমন স্কুলের সংখ্যা পাস : পৃষ্ঠা ৪ কলাম

### পাস : শতভাগ

(প্রথম পৃষ্ঠার পর)

১৪১টি। গত বছর এ বোর্ডের ২২টি স্কুলে শতভাগ শিক্ষার্থী পাস করেছিল। তবে বরিশাল বোর্ডে অবস্থার অবনতি ঘটেছে। ২০০৮ সালে এ বোর্ডে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা ছিল ৫৭।

গত বছর এ সংখ্যা ছিল ৩৫। এ বছর তা কমে ৩২-এ নেমেছে।

অবস্থা অপরিবর্তিত আছে যশোর বোর্ডে। গত বছরের মতো এখানে এ বোর্ডে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা ৩০টি। এছাড়া কুমিল্লা বোর্ডে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা গতবছরের ৪০টি থেকে বেড়ে ৮৫টি, চট্টগ্রাম বোর্ডে তিনটি থেকে বেড়ে ৩১টি, দিনাজপুর বোর্ডে ১২টি থেকে বেড়ে ৪৬টি ও সিলেট বোর্ডে চারটি থেকে বেড়ে ৪৩টি হয়েছে।

এবার মত্রাসা বোর্ডে শতভাগ পাস করা মত্রাসার সংখ্যা কমেছে। গত বছর এ সংখ্যা ছিল ২ হাজার ৩২৭টি। এ বছর তা কমে দাঁড়িয়েছে ২ হাজার ৩০৮টি। কারিগরি শিক্ষা বোর্ডে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা গতবারের চেয়ে দুটি বেড়ে ৫৮টি হয়েছে।